

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি আবাসন পরিদপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.doga.gov.bd

নথি নং-২৫.৪৩.০০০০.০১১.১২.১৫৫.৮৯



তারিখ : আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ।
সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ বাসা নং-১০/কে (ডি-২ শ্রেণি) এবং ফ্ল্যাট নং-৪-১১/ডি (উত্তর-পশ্চিম, ডি-২), আজিমপুর, ঢাকা'র বাসাঘরের
ভাড়া, পানি কর, পয়ঃ প্রণালি, পৌর কর ও গ্যাস বিল পরিশোধ সংক্রান্ত "সাময়িক না-দাবী" প্রত্যয়নপত্র জারী প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ে আপনার ০৩-০৮-১৯ তারিখের আবেদনের প্রেক্ষিতে অত্র পরিদপ্তরের জারীকৃত স্মারক
নং-২৫.৪৩.০০০০.০১১.১২.১৫৫.৮৯-১১২৮, তারিখঃ ১০-১১-২০১৫ এর ধারাবাহিকতায় নির্দেশক্রমে জানানো
যাচ্ছে যে, বিষয়ে উল্লেখিত ১০/কে (ডি-২) বাসার বিপরীতে ০১-০৩-২০১৫ হতে হস্তান্তরের তারিখ ১০-৭-২০১৮
পর্যন্ত এবং ফ্ল্যাট নং-৪-১১/ডি (ডি-২) এর দখলের তারিখ ১০/৭/২০১৮ হতে ৩১/১২/২০১৮ পর্যন্ত দাখিলকৃত
কর্তন বিবরণী ও ট্রেজারী চালান মোতাবেক হিসাব করে দেখা যায় বাসা ভাড়া, পানি কর, পয়ঃ প্রণালি, পৌর কর,
গ্যাস বিল ও দাখিলকৃত প্রত্যয়ন পত্র মোতাবেক বিদ্যুৎ বিল বাবদ কোন পাওনা নেই।

অতএব, এ পত্র আপনার অনুকূলে বাসাঘরের বিপরীত ০১-০৩-২০১৫ হতে ৩১/১২/২০১৮ পর্যন্ত বাসা
ভাড়া, পানি কর, পয়ঃ প্রণালি, পৌর কর এবং গ্যাস বিল বাবদ সরকারের কোন পাওনা নেই মর্মে "সাময়িক না-
দাবী" প্রত্যয়নপত্র হিসেবে গণ্য করা হবে।

তবে শর্ত থাকে যে, ভবিষ্যতে বর্ণিত সময়ে এ সংক্রান্ত সরকারি কোন পাওনা প্রতিষ্ঠিত হলে আপনি উহা
পরিশোধ করতে বাধ্য থাকবেন।


১৩/০৯/১৯
(আলুআরা খাতুন)
সহকারী পরিচালক(ভাড়া-২)
ফোনঃ ৯৫১৫৫৩০।

২৫/০৯/১৯

জনাব মোঃ আব্দুর রাজ্জাক
গাড়ীচালক
বাংলাদেশ সুপ্রীমকোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।

নথি নং-২৫.৪৩.০০০০.০১১.১২.১৫৫.৮৯, ৫৩(৫)

তারিখ : ৭ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ।
২২ সেপ্টেম্বর ২০১৯ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ১। রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সেশনবাগিচা, ঢাকা।
- ৩। সহকারী পরিচালক "ডি-শ্রেণি" বরাদ্দ শাখা, অত্র পরিদপ্তর, ঢাকা।
- ৪। সহকারী পরিচালক, আইসিটি, অত্র পরিদপ্তর, ঢাকা।
- ৫। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র পরিদপ্তর, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। গার্ড ফাইল।


২৫/৯/১৯
(প্রিয়তোষ চন্দ্র সরকার)
হিসাবরক্ষক